



দৈনিক জনকণ্ঠ, ২০১৯-১২-০৬, পৃ- ০৩



শহিদুল হাসান জিয়াউল হক মামুন

ড. মামুন নয়া উপ-উপাচার্য
অধ্যাপক শহিদুল
ফের ইস্ট ওয়েস্ট
ভার্সিটির ভিসি নিযুক্ত

অধ্যাপক ডক্টর এম এম শহিদুল হাসান ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে পুনরায় নিয়োগ পেয়েছেন। একইসঙ্গে অধ্যাপক ডক্টর মুহাম্মাদ জিয়াউল হক মামুন, সাবেক পরিচালক, ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ) ঢাকা বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নতুন উপ-উপাচার্য হিসেবে যোগ দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এসব নিয়োগ প্রদান করেন। তারা দুজনেই বুয়েট থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেন এবং বিদেশ থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। -বিজ্ঞপ্তি